

মাসের নাম অক্টোবর

শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ:	শুক্র
			০১	০২	০৩	০৪
০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১
১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৬	২৭	২৮	২৯	৩০	৩১	

আপনার সুখ-দুঃখ প্রেম ভালোবাসা

মেঘ



পারিবারিক কাজে এ মাসেও অনেক সময় দিতে হবে। সাহায্য পাবার আশায় বসে থাকলে সময় নষ্ট হবে। কর্মক্ষেত্রে বস অহেতুক ক্ষেপে যেতে পারেন। ঝগড়া-বিবাদে সম্ভাবনা আছে। সতর্ক হোন। হঠাৎ প্রাপ্তির যোগ আছে। বয়স্ক আত্মীয়, অভিভাবক অসুস্থ হতে পারেন।

ককট



অন্যকে উপদেশ দেয়ার বাতিক আছে আপনার। এই মাসে আপনি অযথা উপদেশ দিতে গিয়ে ঝামেলায় পড়বেন। নতুন কোনো পরিকল্পনায় ইতিবাচক সাড়া পাবেন। আর্থিক সফলতার সঙ্গে সঙ্গে মনে শান্তি পাবেন। এ মাসে ভ্রমণ, সামাজিক অনুষ্ঠান ইত্যাদিতে বেশ সময় ব্যয় হবে।

বৃষ



গত মাসের সমস্যাগুলো কর্মক্ষেত্রে এ মাসেও থাকবে। সময় মতো ঠিক কাজটি করা এ মাসেও হয়ে উঠবে না। কাজে হাত দেয়ার আগে বারবার ব্যাপারটি খতিয়ে দেখুন। আত্মকেন্দ্রিক হয়ে পড়লে সমস্যা বাড়বে। স্বাস্থ্যের প্রতি নজর দিন।

সিংহ



সময় এসেছে নিজের চাহিদা কতটুকু বোঝার। অন্যের ইচ্ছায় না, নিজের ইচ্ছানুযায়ী কাজ করা শুরু করুন। পরিবারের সঙ্গে বিবাদ এড়িয়ে চলুন। স্বাস্থ্যগত সমস্যা পড়তে পারেন। প্রিয়জনকে নিয়ে সময় কাটান। সামান্য ভুল বোঝাবুঝি থেকে দু'জনের মধ্যে সমস্যা দেখা দিতে পারে।

মিথুন



প্রেম, রোমান্সের শুভ সময় কমে আসবে। প্রিয়জনের সঙ্গে ঝগড়া, ভুল বোঝাবুঝির সম্ভাবনা আছে। আর্থিক ব্যাপারে সতর্ক হোন। হুজুগে পড়ে বেশ কিছু টাকা হারাতে পারেন। নিজের পরিবার নিয়ে নতুন কোনো পরিকল্পনা আপনার মাথায় আসবে।

কন্যা



টাকা পয়সা নিয়ে চিন্তা কমে যাবে। না চাইতেই পকেটে টাকা আসবে। সেই সঙ্গে আপনার খরচ বাড়বে। তবে মনে রাখবেন আগামী মাসে হয়তো টাকা এভাবে নাও আসতে পারে। নতুন চুক্তি আপনার জন্য লাভজনক হবে। প্রিয়জনকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করবেন না। এতে দুঃখ বাড়বে। অপেক্ষা করুন, সেই আসবে আপনার কাছে।

তুলা



নতুন কিছুতে জড়িয়ে পড়ার আগে দু'বার চিন্তা করুন। বছরটা এ পর্যন্ত ভালোই গেছে। উল্টোপাল্টা সিদ্ধান্ত পুরো বছরটাই নষ্ট করে দিতে পারে। বন্ধু-বান্ধব, পরিবারের সবার সঙ্গে সময়টা ভালো কাটবে। কর্মক্ষেত্রে প্রশংসিত হবেন।

বৃশ্চিক



ব্যক্তিগত জীবন নিয়ে উদ্দিগ্ন হয়ে পড়বেন। মানসিক অস্থিরতা বাড়বে। কারণ মনকে সতেজ করার মতো সময় থাকবে না। কখনও আপনার কখনও প্রিয়জনের। এ মাসে অর্থ-প্রাপ্তির সম্ভাবনা আছে। কর্মক্ষেত্রে ব্যস্ততা বাড়বে। স্বাস্থ্যের প্রতি নজর দিন।



ধনু



বিভিন্ন কাজে ব্যস্ততা ক্রমশ বাড়বে। প্রিয়জনকে সময় দিতে না পারলে ঝামেলায় পড়বেন। বন্ধু-বান্ধবরাও ভুল বুঝতে পারে। নিজের ভূমিকা পুনর্মূল্যায়ন করুন। প্রতিশ্রুতি ও প্রচেষ্টার ব্যবধান বুঝে নিন। আর্থিক যোগ আছে মাসের প্রথম পক্ষে।

অক্টোবর মাসে আপনার অবস্থা

রাশি	শ্রেম	অর্থ	স্বাস্থ্য	কর্ম
মেঘ	৭	৭	৫	৫
বৃষ	৫	৫	৩	৩
মিথুন	৩	৩	৭	৫
কর্কট	৫	৯	৭	৩
সিংহ	৫	৫	৭	৯
কন্যা	৭	৯	৭	৯
তুলা	৯	৭	৭	৭
বৃশ্চিক	৫	৫	৩	৭
ধনু	৩	৭	৭	৯
মকর	৩	৫	৫	৭
কুম্ভ	৭	৫	৩	৭
মীন	৯	৫	৭	৫

বি: দ্র: সংখ্যা বেশি হলে ভাল, কম হলে খারাপ।
এবার বুঝে নিন কোন্ ক্ষেত্রে মাস কেমন যাবে

মকর



চুক্তি সম্পর্কে সাবধান। পুরনো চুক্তিগুলোতেও চোখ বুলিয়ে নিন। এ মাসে আর্থিক ঝামেলা আছে। মানসিকভাবে অস্থির হয়ে পড়বেন আপনি ব্যক্তিগত সম্পর্কের অবনতির কারণে। মাসের শেষ ভাগে কর্মক্ষেত্রে অনুকূল অবস্থা ফিরে আসবে। বহুদিনের সম্পর্কের ইতি ঘটতে পারে।

কুম্ভ



অনেক অনিয়মের মধ্যে থাকছেন। শারীরিক সমস্যা হতে পারে। সামাজিক ও মানবিক ক্ষেত্রে তৎপরতা বাড়বে। গত মাসের অসমাপ্ত কাজের বেশ কয়েকটি শেষ করতে পারবেন। পারিপার্শ্বিকতার কারণে পারিবারিক অশান্তির সৃষ্টি হতে পারে।

মীন



নতুন চাকরি বা শ্রেমের সম্ভাবনা আছে। অনেক দিন ধরে আগ্রহী এমন ব্যবসাও শুরু করতে পারেন কেউ কেউ। তবে এক্ষেত্রে একটু সময় নিন। প্রয়োজনে বন্ধু-বান্ধব বা পরিচিতের সাহায্য নিন। ভেবে-চিন্তে সতর্ক হয়ে কাজটি শুরু করেন। ধৈর্য ধরুন। সাফল্য আসবে।